

# লিভার সিরোসিস

## সিরোসিস কি?

- সিরোসিস লিভারের একটি ক্রনিক রোগ যাতে লিভারের সাধারণ আর্কিটেকচার নষ্ট হয়ে যায় । ফলে লিভার হারায় তার স্বাভাবিক কার্যক্ষমতা ।
- অনেক ক্ষেত্রেই লিভার সিরোসিস থেকে লিভারে ক্যান্সারও দেখা দিতে পারে ।
- সিরোসিস আক্রান্ত রোগী বহু বছর পর্যন্ত কোন রকম রোগের লক্ষণ ছাড়াই স্বাভাবিক জীবন যাপন করতে পারেন ।
- রোগের লক্ষণ আর কষ্টগুলো দেখা দেয় ডিকম্পেনসেটেড বা এডভান্সড সিরোসিসে যখন লিভারেও বড় ধরনের গোলযোগ দেখা দেয় ।

## সিরোসিসের লক্ষণ কি?

- কম্পেনসেটেড সিরোসিসে আক্রান্ত ব্যক্তির তেমন কোন লক্ষণ থাকে না বললেই চলে ।
- অনেক সময় রোগীরা দুর্বলতা, সহজেই ক্লান্ত হয়ে পড়া, দাতের মাড়ি বা নাক থেকে রক্ত পড়া, পেটের ডান পাশে ব্যাথা, জ্বর-জ্বর ভাব, ঘন-ঘন পেট খারাপ হওয়া ইত্যাদি সমস্যা অনুভব করতে পারেন ।
- এডভান্সড সিরোসিসে চিত্রটি কিন্তু একদম বদলে যায় । এসময় পায়ে-পেটে পানি আসে, জন্ডিস হয় এবং রোগী এমনকি অজ্ঞানও হয়ে যেতে পারেন ।
- রক্তবমি ও পায়খানার সাথে রক্ত যাওয়া, ফুসফুসে পানি আসা, কিডনি ফেইলিউর, শরীরের যে কোন জায়গা থেকে আনকন্ট্রোলড ব্লিডিং ইত্যাদি দেখা দিতে পারে ।
- আর সব চেয়ে যা ভয়াবহ তা হলো, লিভারে দেখা দিতে পারে ক্যান্সার ।

## সিরোসিস কেন হয়?

- ইউরোপ ও আমেরিকায় সিরোসিসের প্রধান কারণ এ্যালকোহল আর হেপাটাইটিস সি ভাইরাস ।
- বাংলাদেশে লিভার সিরোসিসের প্রধান কারণ হেপাটাইটিস বি ভাইরাস, আর এর ঠিক পরেই রয়েছে ফ্যাটি লিভার ।
- হেপাটাইটিস সি ভাইরাস ও এ্যালকোহলের স্থান বাংলাদেশে হেপাটাইটিস বি ভাইরাস ও ফ্যাটি লিভারের অনেক পরে ।

## সিরোসিস হলে কি করবেন?

- সিরোসিসে আক্রান্ত যে কোন ব্যক্তির উচিত দ্রুত চিকিৎসা নেয়া ও নিয়মিত ফলোআপে থাকা । এতে দীর্ঘদিন ভালো থাকা যায় ।
- পাশাপাশি সিরোসিসের কারণ শনাক্ত করে তার চিকিৎসা করা গেলে লিভার খারাপের দিকে যাওয়ার ঝুঁকিও অনেক কমে যায় ।
- প্রাথমিক পর্যায়ে সিরোসিসে যেহেতু তেমন কোন লক্ষণ থাকে না, তাই রোগী আর চিকিৎসক উভয়ের সচেতনতাটা এক্ষেত্রে খুবই জরুরী ।

## প্রচারে :



লিভার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার, বাড়ী নং- ৮/এ, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯ (সোবহানবাগ মসজিদের পশ্চিমে)

ফোরাম ফর দি স্টাডি অব দি লিভার, রুম নং-৬ (দ্বিতীয় তলা), বনানী সুপার মার্কেট

কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩

মোবাইলঃ ০১৯৭০৮০৮০২৯, ই-মেইল: <fsliver.bd@gmail.com>

ওয়েব সাইটঃ www.liverforumbd.org